

## ৬ষ্ঠ অধ্যায়

### মডেল-০১

১. লাইব্রেরি ম্যানেজমেন্ট করা সম্ভব কোনটির সাহায্যে?

ক. মডেম খ. ইন্টারনেট গ. ডেটাবেজ ঘ. স্প্রেডশিট

২. প্রতিটি রেকর্ডের সকল তথ্য প্রদর্শিত হয় কোন রিপোর্টে?

ক. ক্রস টেবুলেশন রিপোর্ট-এ খ. ডিটেইল রিপোর্ট-এ  
গ. সামারি রিপোর্ট-এ ঘ. ফরমেটেড রিপোর্ট-এ

৩. OLE অবজেক্ট প্রদর্শনের জন্য কোন টুল ব্যবহৃত হয়?

ক. লেবেল খ. কমান্ড বাটন গ. সাব রিপোর্ট ঘ. অবজেক্ট ফ্রেম

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।

রিমাকে তার অফিসের প্রতিদিনের কাজের উপর একটি করে রিপোর্ট তৈরি করে তা অফিসের জিএম-এর নিকট প্রেরণ করতে হয়। রিমা রিপোর্টগুলো সুন্দরভাবে উপস্থাপনের জন্য পেজ মার্জিন, হেডার, ফুটার ইত্যাদি নির্ধারণ করে তা তৈরি করে।

৪. রিমা পেজ মার্জিন, হেডার, ফুটার ইত্যাদি নির্ধারণ করে যে রিপোর্ট তৈরি করে তাকে কী বলে?

ক. রিপোর্টস উইথ লেবেল খ. রিপোর্টস উইথ ফর্মস  
গ. ফরমেটেড রিপোর্ট ঘ. সামারি রিপোর্ট

৫. রিমা রিপোর্ট তৈরি করার সময় যে টুলবারসমূহ ব্যবহার করে তা হলো—

i. লেবেল ii. টেক্সট বক্স iii. লিস্ট বক্স  
নিচের কোনটি সঠিক? ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৬. ডেটাবেজ টেবিলের রেকর্ডসমূহকে বিশেষ লজিক্যাল অর্ডারে সাজিয়ে রাখাকে কী বলে?

ক. সর্টিং খ. এডিটিং গ. ইনডেক্সিং ঘ. গ্রুপিং

৭. একাধিক ফিল্ডের সমন্বয়ে যে প্রাইমারি কী গঠন করা হয় তাকে কী বলে?

ক. কম্পোজিট প্রাইমারি কী খ. সেকেন্ডারি কী গ. কম্পোজিট সেকেন্ডারি কী ঘ. ফরেন কী

৮. Foreign Key এর সাথে Primary Key-এর রিলেশন কীরূপ

ক. One to One খ. One to many গ. Many to One ঘ. Many to many

৯. সোহান একটি ডেটাবেজে একই সাথে গ্রাফিক্স, চিত্র ও টেক্সট সমন্বয় করতে গেলে তাকে কোনটি ব্যবহার করতে হবে? ক. রিপোর্ট খ. ফর্ম গ. কুয়েরি ঘ. ডেটা টেবিল

১০. ফর্মে ব্যবহৃত কন্ট্রোলগুলো হলো—

i. কমান্ড বাটন ii. সাব ফর্ম iii. ইনডেক্স  
নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

১১. কোন লিস্ট হতে ডেটাইন্স সিলেক্ট করা যায়?

ক. ড্রাগ ডাউন লিস্ট খ. ড্রাগ আপ লিস্ট  
গ. ড্রপ ডাউন লিস্ট ঘ. ড্রপ ব্রেক লিস্ট

১২. কুয়েরির কাজ কোনটি?

ক. গ্রুপ এক্সপ্রেশন করা খ. টেবিল সাজানো গ. শর্ত সাপেক্ষে তথ্য বের করা ঘ. ম্যাট্রিক্স সাজানো

১৩. SQL (structured Query Language) কয় ধরনের?

ক. ৩ খ. ৪ গ. ৫ ঘ. ৬

১৪. কুয়েরির কাজ কী?

- ক. একটি ডেটাবেজকে নানাভাবে উপস্থাপন করা  
খ. ডেটাবেজের বিভিন্ন বিষয়কে অনুসন্ধান করার উপযোগ তৈরি করা  
গ. ডেটাবেজকে তালিকা আকারে উপস্থাপন করা  
ঘ. স্বয়ংক্রিয়ভাবে সংখ্যা বদলানো

১৫. রিমি কুয়েরি ডেটাবেজে দুটি স্ট্রিংক সংযোজন করতে Concatenation অপারেটর ব্যবহার করল।

Concatenation অপারেটর হলো—

i. & ii.+ iii. \*

নিচের কোনটি সঠিক? ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

১৬. ডেটাবেজ অর্থ কী?

ক. ফিল্ডবিন্যাস খ. শব্দবিন্যাস গ. তথ্যবিন্যাস ঘ. রেকর্ড

১৭. ডেটাবেজ রক্ষণাবেক্ষণের কাজগুলো হলো—

i. ইউজার সংযোজন ii. ইউজার মুছে ফেলা iii. প্রক্রিয়াকরণ

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

১৮. ডেটাবেজ ফাইলের এক্সটেনশন কোনটি?

ক. DBS খ. DBF গ. BAS ঘ. SYS

১৯. RDBMS এর বৈশিষ্ট্য নয় কোনটি?

- ক. সহজে টেবিল তৈরি করে ডেটা এন্ট্রি করা খ. কোনো ভ্যালিডেশন নেই  
গ. সহজে ফর্ম তৈরি করা যায় ঘ. সহজে রিপোর্ট তৈরি করা যায়

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।

করিম সাহেব একজন গার্মেন্টেস-এর মালিক। তিনি তার গার্মেন্টেস-এ প্রথমে দু'হাজার কর্মচারী নিযুক্ত করেন। পরবর্তীতে আরো তিনশত কর্মচারী নিযুক্ত করেন ও পাঁচশত কর্মচারীর প্রমোশন দেন।

২০. করিম সাহেবের গার্মেন্টেস-এ কর্মচারীর ডেটাবেজ তৈরি ও পরিবর্তন করা হয় কম্পিউটারের কোন সফটওয়্যারের মাধ্যমে?

ক. অ্যাপ্লিকেশন খ. অ্যাকসেস গ. ডি বি এম এস ঘ. ডিবেস

২১. করিম সাহেব ডেটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারটি ব্যবহার করেন—

- i. ডেটাবেজ তৈরি ও সংরক্ষণ করার কাজে  
ii. ডেটাবেজ পরিবর্তন ও পরিচালনার কাজে  
iii. ডেটাবেজ নিয়ন্ত্রণ করার কাজে

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

২২. Text যে ধরনের ডেটা— i. নাম ii. বয়স iii. ঠিকানা

নিচের কোনটি সঠিক? ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

২৩. কম্পিউটার নির্ভর ইনফরমেশন টেকনোলজির উপাদানগুলো হলো—

i. ডেটা বা ইনফরমেশন ii. নেটওয়ার্ক মিডিয়া iii. প্রসিডিওর

নিচের কোনটি সঠিক? ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

২৪. ডেটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেমের কার্যক্রম কত ভাগে বিভক্ত? ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৫

২৫. DBMS এর প্রধান কাজ কতটি? ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৫